


কীটতত্ত্ব শাখা প্রযুক্তি-৬

১) প্রযুক্তির নামঃ	কাঁচা নিম পাতার নির্যাস (১:২০) দিয়ে পাটের হলুদ মাকড় দমন।
২) প্রযুক্তির বৈশিষ্ট্যঃ	 <p>ছবি: কাঁচা নিম পাতা</p> <p>প্রযুক্তির উল্লেখযোগ্য বৈশিষ্ট্যঃ</p> <ol style="list-style-type: none"> <li>১। সহজ প্রাপ্যতা</li> <li>২। ব্যবহার পদ্ধতি খুবই সহজ</li> <li>৩। পরিবেশ বান্ধব</li> <li>৪। উক্ত দমন পদ্ধতি অর্থনৈতিকভাবে লাভজনক</li> </ol>
৩) প্রযুক্তির উপযোগিতাঃ	<ol style="list-style-type: none"> <li>১। যে সকল অঞ্চলে পাট বীজ চাষ হয় সে সকল অঞ্চলে হলুদ মাকড় দমনের জন্য রাসায়নিক মাকড়নাশক ব্যবহার না করে দেশী পাট বীজের নির্যাস দিয়ে হলুদ মাকড় দমন করা যায়।</li> <li>২। দেশী পাট বীজের নির্যাস হলুদ মাকড় আক্রান্ত গাছের ডগার কচি পাতার উল্টোদিকে সরাসরি স্প্রে করলে খুব ভাল ফল পাওয়া যায়।</li> <li>৩। এই প্রযুক্তি ব্যবহারের ফলে পরিবেশের উপর কোন বিরূপ প্রভাব পড়ে না।</li> <li>৪। এই ক্ষেত্রে উপকারী পোকাকার উপর কোন ক্ষতিকর প্রভাব ফেলে না।</li> <li>৫। এই প্রযুক্তি গ্রহণের ক্ষেত্রে কৃষকের কোন ঝুঁকি নাই।</li> <li>৬। হলুদ মাকড় আক্রান্ত গাছের ডগার কচিপাতার উল্টোদিকে পাট বীজের নির্যাস সরাসরি স্প্রে করলে খুব ভাল ফল পাওয়া যায়।</li> </ol>
৪) মাঠ পর্যায়ে তথ্যঃ	<p><b>কাঁচা নিম পাতার নির্যাস প্রস্তুত প্রণালীঃ</b></p> <p>গাছ থেকে কাঁচা নিম পাতা সংগ্রহ করে ২৪ ঘন্টা রোদে শুঁকাতে হবে। ভালভাবে শুঁকিয়ে নিয়ে হামান দিস্তা/ শীল পাটা/ গ্রাইন্ডারের সাহায্যে পাউডার তৈরী করতে হবে। তারপর নিম পাতার পাউডার পানিতে ১:২০ অনুপাতে (১০০ গ্রাম পাউডার ২ লিটার পানিতে) মিশিয়ে নির্যাস তৈরি করতে হবে। তারপর নির্যাসটি ছাকনি দিয়ে ছেকে নিতে হবে।</p> <p>কাঁচা নিম পাতার নির্যাস তৈরির খরচ:</p> <p>নির্যাস তৈরির শ্রমিক মজুরি ও স্প্রে</p> <p>১ জন শ্রমিক (সংগ্রহ ও নির্যাস তৈরি) = ৬০০/-</p> <p>প্রথম বার (২ জন) = ১২০০/-</p>

দ্বিতীয় বার (২জন) = ১২০০/-

-----  
মোট = ৩,০০০/-

এই প্রযুক্তি ব্যবহারের ফলে গড়ে প্রতি হেক্টরে সাত মণ ফলন বেশি পাওয়া যায় যার বর্তমান মূল্য

=  $2800 \times 7 = 19,600/-$

প্রতি হেক্টরে লাভ =  $(19,600/- - 3,000) = 16,600/-$



ছবি: কাঁচা নিম পাতার নির্যাস

৫) প্রযুক্তি হতে  
ফলন/প্রাপ্তিঃ

১:২০ অনুপাতে তৈরি নিম পাতার নির্যাস ব্যবহার করে প্রায় ৬৯ ভাগ হলুদ মাকড়ের আক্রমণ কমানো যায় এবং পাটের আঁশের ফলন প্রায় ১০-১৫ ভাগ বৃদ্ধি পায়।